



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩
“পল্লী ভবন”



৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
Website: www.prdp.brdb.gov.bd

পত্র নং-৪৭.৬২.০০০০.৯০৬.০৫.০৮১.১৬-৩৬১

তারিখঃ ২৯/১০/২০১৭ খ্রিঃ

উপপরিচালক
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
জেলা দপ্তর (সকল)

বিষয়ঃ অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (পিআরডিপি-৩) এর কার্যক্রম সফল বাস্তবায়নে কার্যকর উদ্যোগ গ্রহণ।

সূত্রঃ ৪৭.৬২.০০০০.৯০৬.১৮.০০১.১৬.১০১, তারিখঃ ২৯/০৩/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানাচ্ছি যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের সহায়তায় বাস্তবায়নাধীন “অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প- ৩ (পিআরডিপি-৩)” শীর্ষক প্রকল্পটি পল্লী উন্নয়নের জন্য একটি সফল এবং ব্যতিক্রমধর্মী টেকসই উন্নয়ন প্রকল্প। প্রকল্পটি গ্রামের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গ্রামের মানুষের অংশগ্রহণ ও স্থানীয় সরকার তথা ইউনিয়ন পরিষদকে সম্পৃক্ত করে সুশাসন ও উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনার পাশাপাশি সরকারী ও বেসরকারী সেবা সম্প্রসারণ এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করেছে। জাইকা, কিয়োটা ইউনিভার্সিটি, বিআরডিবি, বার্ড, আরডিএ ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এর বিশেষজ্ঞগণের দীর্ঘ গবেষণার মাধ্যমে উদ্ভাবিত “লিংক মডেল” পল্লী উন্নয়নের জন্য একটি কার্যকর ও পরীক্ষিত মডেল। এ পদ্ধতিতে গ্রাম পর্যায়ে সর্বস্তরের জনগণের মতামতের ভিত্তিতে গ্রাম উন্নয়ন কমিটি গঠন করে স্থানীয় চাহিদার ভিত্তিতে পরিকল্পনা প্রণয়নপূর্বক “ইউনিয়ন সমন্বয় কমিটির” মাধ্যমে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করে থাকে। “ইউনিয়ন সমন্বয় কমিটির” মাসিক সভা “Mini Parliament” হিসেবে পরিচিত। এ ক্ষেত্রে জন প্রতিনিধি, সরকারী-বেসরকারী সেবা প্রদানকারী ও সেবা গ্রহণকারী গ্রামীণ জনগোষ্ঠীর মধ্যে Vertical এবং Horizontal সংযোগ স্থাপন করে চাহিদা ভিত্তিক সেবা নিশ্চিত করা হয়। লিংক মডেলের অন্যতম বিশেষত্ব হলো- জন অংশ গ্রহণের মাধ্যমে স্থানীয় পর্যায়ে উন্নয়ন কর্মকাণ্ডে পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও জনগণের চাহিদা ভিত্তিক সরকারী ও বেসরকারী সেবা ও স্থানীয় সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ। জনগণের আর্থিক অংশগ্রহণের মাধ্যমে গ্রামীণ অবকাঠামো উন্নয়ন ও বেকারত্ব দূরীকরণে দক্ষ জনশক্তি তৈরীর জন্য বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান।

০২। প্রকল্পটি ১ম ও ২য় পর্যায়ে সফলভাবে বাস্তবায়িত হওয়ায় বর্তমানে সম্পূর্ণ জিওবি অর্থায়নে দেশের ৬৪টি জেলার ২০০টি উপজেলার ৬০০টি ইউনিয়নে জুলাই/২০১৫ খ্রিঃ হতে জুন/২০২০ খ্রিঃ মেয়াদে পিআরডিপি-৩ নামে সম্প্রসারিত আকারে বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পটি গ্রামীণ জীবনমান উন্নয়নের পাশাপাশি ভূগমূল পর্যায়ে নিম্ন থেকে উর্ধ্বমুখী পরিকল্পনা প্রণয়ন, (Bottom Up planning) কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা, বেকারত্ব দূরীকরণ, অবকাঠামো উন্নয়নে জনগণের মালিকানা তৈরীসহ সামাজিক উন্নয়নে ভূমিকা রাখছে।

০৩। পিআরডিপি-৩ শীর্ষক প্রকল্পটি মাঠ পর্যায়ে সফল বাস্তবায়নের লক্ষ্যে ইউডিও ও এআরডিও'র সমন্বয়ে কার্যক্রম পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে প্রকল্প আওতাভুক্ত যে সকল উপজেলায় ইউনিয়ন ডেভেলপমেন্ট অফিসার (ইউডিও) পদায়ন করা হয়নি অথবা ইউডিও'র পদ শূন্য রয়েছে সে সকল উপজেলায় প্রকল্প কর্তৃক যতদিন পর্যন্ত জনবল পদায়ন করা না হয় ততদিন দায়িত্বপ্রাপ্ত বিআরডিবি'র সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (এআরডিও) অথবা উক্ত পদে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দ্বারা প্রকল্পের সার্বিক কার্যক্রম পরিচালনার বিষয়ে ইতোমধ্যে প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকা প্রেরণসহ যথাযথ নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (পিআরডিপি-৩) এর কার্যক্রম মাঠ পর্যায়ে সফলভাবে বাস্তবায়নে কার্যকর উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

মোহাম্মদ আবদুল কাইয়ুম

মহাপরিচালক

বিআরডিবি, ঢাকা

E-mail: dgbrdb@gmail.com